# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
## স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
জেন্ডার ও উন্নয়ন ফোরাম
আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭।
www.lged.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-৪৬.০২.০০০০.৬২৩.০০১.১৯/২৭৯ তারিখ: ২০।০২।২০১৯

**বিষয়: আন্তর্জাতিক নারী দিবস ২০১৯ উদযাপন উপলক্ষে আয়োজক কমিটির ১ম সভার কার্যবিবরণী।**

এলজিইডি সদর দপ্তরে আন্তর্জাতিক নারী দিবস ২০১৯ উদ্‌যাপন উপলক্ষে আয়োজক কমিটির ১ম সভা গত ১৯ ফেব্রুয়ারি ২০১৯ বিকাল ৩:৩০ ঘটিকায় এলজিইডি ভবন (লেভেল-০৪) এ অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সভাপতিত্ব করেন জনাব মোঃ খলিলুর রহমান, অতিরিক্ত প্রধান প্রকৌশলী (বাস্তবায়ন) এবং আহবায়ক, আন্তর্জাতিক নারী দিবস উদ্‌যাপন কমিটি'২০১৯। উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি মহোদয় সভার কার্যক্রম শুরু করেন। সভায় সংশ্লিষ্ট উপস্থিতি অত্রসাথ সংযুক্ত (সংযুক্তি-০১)।

সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে সৈয়দা আসমা খাতুন, উপ-প্রকল্প পরিচালক, সিসিআরআইপি ও সদস্য-সচিব, আন্তর্জাতিক নারী দিবস'২০১৯ উদ্‌যাপন আয়োজক কমিটি সভার আলোচ্যসূচি পর্যায়ক্রমে উপস্থাপন করেন এবং বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| ক্রমিক নং | আলোচ্য সূচি | আলোচনা ও সিদ্ধান্ত |
|---|---|---|
| ১। | সেক্টর ভিত্তিক শ্রেষ্ঠ আত্মনির্ভরশীল নারী নির্বাচন এবং তাদের সম্মাননা, সার্টিফিকেট ও ক্রেস্ট প্রদান | সভায় সদস্য-সচিব জানান, সেক্টর ভিত্তিক সুফলভোগী নারীদের তথ্যাদি সংগ্রহের বিষয়ে তত্ত্বাবধায়ক প্রকৌশলী, অঞ্চল বরাবর মোবাইলে কথা বলা হয়। সে প্রেক্ষিতে জানা যায় যে, ২০/০২/২০১৯ইং এর মধ্যে নারীদের তথ্যাবলী এলজিইডি সদর দপ্তরে পৌঁছার সম্ভাবনা রয়েছে। সভাপতি মহোদয় মূল্যায়ন কাজ এখন থেকে শুরু করে আগামী ২৪/০২/২০১৯ইং (রবিবার) পর্যন্ত তথ্যাবলী সংগ্রহপূর্বক সেক্টর ভিত্তিক মূল্যায়ন সম্পন্ন করার জন্য দায়িত্ব প্রাপ্ত সকল কর্মকর্তাগণকে অনুরোধ করেন। অতঃপর নির্বাচিত নারীদের তালিকা আগামী ২৫/০২/২০১৯ইং এর মধ্যে জনাব মোঃ আহসান হাবিব, অতিরিক্ত প্রধান প্রকৌশলী মহোদয় এবং জেন্ডার ও উন্নয়ন ফোরামে প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়। সম্মাননা, সার্টিফিকেট ও ক্রেস্ট গত বছরের ন্যায় হবে বলে সভাপতি সিদ্ধান্ত প্রদান করেন। |
| ২। | জেন্ডার কার্যক্রমের উপর ব্রুশিওর প্রকাশনা এবং ভিডিও প্রদর্শন | সদস্য-সচিব জানান এবার আরো তথ্য ভিত্তিক এবং মানসম্মতভাবে জেন্ডার কার্যক্রমের উপর ভিডিও প্রদর্শনীর ব্যবস্থা করা হবে, যাঁরা পুরস্কার পাবেন তাদের এলাকাতে গিয়ে ভিডিও করার এবং একইসাথে ব্রুশিওর গতানুগতিক ধারায় না করে একটু নতুন আঙ্গিকে করার বিষয়ে জনাব মোঃ আহসান হাবিব, অতিরিক্ত প্রধান প্রকৌশলী মহোদয় উদ্যোগ নিয়েছেন। সে প্রেক্ষিতে জনাব শফিকুল ইসলাম আকন্দ, অতিরিক্ত প্রধান প্রকৌশলী মহোদয় ভিডিও বিষয়ে একমত পোষণ করেন তবে ব্রুশিওর আগের মত করা যেতে পারে। সভার সভাপতি মহোদয় ব্রুশিওর করার বিষয়ে অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পরিকল্পনা) এবং জনাব শফিকুল ইসলাম আকন্দ, অতিরিক্ত প্রধান প্রকৌশলী মহোদয়গণকে জনাব মোঃ আহসান হাবিব, অতিরিক্ত প্রধান প্রকৌশলী মহোদয় এর সাথে আলোচনা করে পরবর্তীতে অবহিত করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ৩। | জেন্ডার কার্যক্রমের উপর ফটোগ্যালারী প্রদর্শন | সভায় জেন্ডার কার্যক্রমের উপর ফটোগ্যালারী প্রদর্শন করা নিয়ে বিস্তারিত আলোচনা হয়। উপস্থিত সকলে একমত হয়ে নিম্নবর্ণিত প্রকল্পের প্রকল্প পরিচালকগণকে ফটোগ্যালারী প্রদর্শন করার ব্যাপারে পত্র প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>HFMLIP, UGIIP-III, NOBIDEP, CGP, CCRIP, HILIP, RTIP-II, MDSP, MGSP, CTEIP, PSSWRSP এবং CRRIP. এ ছাড়া এবার প্রথম বারের মত জিওবি প্রকল্প হতে (কমপক্ষে দু'টি) ফটোগ্যালারীতে অংশগ্রহণ করানোর জন্য সদস্য সচিব'কে অনুরোধ জানানো হয়। এবারের আন্তর্জাতিক নারী দিবসের প্রতিপাদ্যের সাথে মিল রেখে ফটোগ্যালারীতে অংশগ্রহণকৃত প্রকল্পগুলোর বিচারকার্য সম্পন্ন করে প্রথম, দ্বিতীয় এবং তৃতীয় স্থান নির্ধারণের জন্য নিম্নরূপভাবে একটি কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>১। জনাব মোঃ আব্দুর রশিদ, অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পরিকল্পনা), আহবায়ক<br>২। জনাব মোঃ মোসলে উদ্দিন, অতিরিক্ত প্রধান প্রকৌশলী সদস্য<br>৩। জনাব শফিকুল ইসলাম আকন্দ, অতিরিক্ত প্রধান প্রকৌশলী সদস্য<br><br>উক্ত কমিটিকে সহায়তা করার জন্য জনাব হুমায়রা হাবিব তাসমি, সহকারী প্রকৌশলী (পরিকল্পনা)'কে বলা যেতে পারে। |

| | | |
|---|---|---|
| ৪। | আমন্ত্রণপত্র | প্রতি বারের ন্যায় এবারেও জনাব শেখ নজরুল ইসলাম, সহকারী প্রকৌশলী (ভবন রক্ষনাবেক্ষণ)'কে আমন্ত্রণ পত্র প্রিন্টিং কাজের দায়িত্ব প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। উল্লেখ থাকে যে, দিবসটি উদযাপনের দিন ও সময় নির্ধারণের জন্য প্রধান প্রকৌশলী মহোদয়'কে জ্ঞাত করার জন্য সভায় অলোচনা করা হয়। |
| ৫। | বাজেট | এলজিইডি'র নিজস্ব তহবিল হতে আন্তর্জাতিক নারী দিবস ২০১৯ উদ্‌যাপনের ব্যয় নির্বাহ করা হবে বলে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। তথ্য ভিত্তিক এবং মানসম্মতভাবে ভিডিও তৈরী, ক্রশিওর এবং অন্যান্য সকল কর্মসূচিসহ এবারে সর্বমোট বাজেট ৭,০০,০০০.০০ (সাত লক্ষ টাকা মাত্র) নির্ধারণ করা হয়। জনাব শফিকুল ইসলাম আকন্দ, অতিরিক্ত প্রধান প্রকৌশলী এবং জনাব মোঃ মোসলে উদ্দিন, অতিরিক্ত প্রধান প্রকৌশলী মহোদয়'কে বিষয়টি গুরুত্ব সহকারে দেখার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ৬। | বিবিধ | আন্তর্জাতিক নারী দিবস ২০১৯ উদ্‌যাপনের জন্য প্রাথমিকভাবে ব্যয়ভার নির্বাহের জন্য নিম্নোক্ত ৬টি প্রকল্পের প্রতিটি হতে নগদ ১ লক্ষ টাকা অগ্রীম নেয়ার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br>০১। আইআরআইডিপি ০২। আরটিআইপি-II ০৩। সিজিপি ০৪। এমজিএসপি<br>০৫। ইউজিআইআইপি-III এবং ০৬। এমডিএসপি |

সভায় আলোচনার আর কোন বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

২০/২/১৭

(মোঃ খলিলুর রহমান)
অতিরিক্ত প্রধান প্রকৌশলী (বাস্তবায়ন)
এবং
আহবায়ক
আন্তর্জাতিক নারী দিবস উদযাপন কমিটি'২০১৯।

অনুলিপি: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)

০১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পরিকল্পনা), এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
০২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (প্রশাসন), এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
০৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (প্রকল্প মনিটরিং ও মূল্যায়ন), এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
০৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (নগর ব্যবস্থাপনা), এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
০৫। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (আইডব্লিউআরএম-ওএন্ডএম), এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
০৬। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পরিকল্পনা), এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
০৭। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (আইসিটি), এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
০৮। প্রকল্প পরিচালক, এমডিএসপি, এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
০৯। প্রকল্প পরিচালক, ইউজিআইআইপি-III, এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
১০। প্রকল্প পরিচালক, আইআরআইডিপি, এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
১১। প্রকল্প পরিচালক, এইচএফএমএলআইপি, এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
১২। প্রকল্প পরিচালক, আরটিআইপি-II, এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
১৩। প্রকল্প পরিচালক, সিজিপি, এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
১৪। প্রকল্প পরিচালক, এমজিএসপি, এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
১৫। জনাব সালমা শহীদ, নির্বাহী প্রকৌশলী, এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
১৬। জনাব সোনিয়া নওরিন, সিনিয়র সহকারী প্রকৌশলী, এমজিএসপি, এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
১৭। জনাব মৌসুমী সালমিন, সিনিয়র সহকারী প্রকৌশলী, এসএসডব্লিউআরডিপি-II, এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
১৮। জনাব রাহেনা বানু, সিনিয়র সহকারী প্রকৌশলী, আরসিআইপি, এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
১৯। জনাব হুমায়রা হাবিব তাসমি, সহকারী প্রকৌশলী (পরিকল্পনা), এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
২০। জনাব শেখ নজরুল ইসলাম, সহকারী প্রকৌশলী, ভবন রক্ষণাবেক্ষণ, এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।

অনুলিপি সদয় অবগতির জন্য-

০১। প্রধান প্রকৌশলী, এলজিইডি, আগারগাঁও, ঢাকা-১২০৭।